

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা ৯-১২ নভেম্বর

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি >

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ৯ নভেম্বর থেকে ১২ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে। গতকাল শনিবার বিস্তারিত সময়সূচি প্রকাশ করে বিজ্ঞপ্তি জারি করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ভর্তির অনলাইন আবেদন প্রক্রিয়া গত ১ অক্টোবর থেকে শুরু হয়ে আজ ১৮ অক্টোবর রাত ১২টায় শেষ হবে। ভর্তির ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে

(admission.ru.ac.bd)

বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

সময়সূচি অনুযায়ী আগামী ৯ নভেম্বর সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত 'এ' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের এবং ১১টা থেকে ১২টা পর্যন্ত 'এ' ইউনিট জোড় রোল নম্বরধারী ভর্তীচ্ছু শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। দুপুর ১টা থেকে ২টা 'বি' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের এবং সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত 'বি' ইউনিটের জোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১০ নভেম্বর সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত 'ই' ইউনিটের বিজোড়

রোল নম্বরধারীদের, ১১টা থেকে ১২টা পর্যন্ত 'ই' ইউনিটের জোড় এবং দুপুর ১টা থেকে ২টা পর্যন্ত 'ডি' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত 'ডি' ইউনিটের জোড় রোল নম্বরধারী সব অবাণিজ্য শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১১ নভেম্বর সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে 'এফ' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের ভর্তি পরীক্ষা। ওই দিন ১১টা থেকে ১২টা পর্যন্ত 'এফ' ইউনিটের জোড় এবং দুপুর ১টা থেকে ২টা পর্যন্ত 'এইচ' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ছাড়াও ওই দিন বিকেল সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত 'এইচ' ইউনিটের জোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১২ নভেম্বর সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত 'সি' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের, ১১টা থেকে ১২টা পর্যন্ত 'সি' ইউনিটের জোড় এবং দুপুর ১টা থেকে ২টা পর্যন্ত 'জি' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত 'আই' ইউনিটের শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।